



মিডিয়া বিজ্ঞপ্তি (ঢাকা): ১৪ ডিসেম্বর, ২০১৭

শুরু হচ্ছে ৮ম সামিট ওপেন এবং ২২ তম সামিট কাপ গল্ফ টুর্নামেন্ট-২০১৭

ফটো ক্যাপশন: সামিট গ্রুপের ভাইস চেয়ারম্যান ফরিদ খান ও সামিট কর্পোরেশনের এডিশনাল ম্যানেজিং ডিরেক্টর ফয়সাল খান আসন্ন ৮ম সামিট ওপেন এবং ২২তম সামিট কাপ গল্ফ টুর্নামেন্ট সম্পর্কে সাংবাদিকদের অবগত করেন।

প্রতিবছরের মতো এবারও (আগামী ১৭ থেকে ২২ ডিসেম্বর) ছয়দিন ব্যাপী কুর্মিটোলা গল্ফ ক্লাব, ঢাকা ক্যান্টনমেন্টে শুরু হচ্ছে ৮ম সামিট ওপেন এবং ২২তম সামিট কাপ গল্ফ টুর্নামেন্ট। ১৭ ডিসেম্বর থেকে শুরু হওয়া প্রফেশনাল গল্ফ টুর্নামেন্ট ও ২০ ডিসেম্বর থেকে শুরু হওয়া অ্যামেচার গল্ফ টুর্নামেন্টে ৭০০-এরও বেশী গল্ফার অংশগ্রহণ করবে।

এবছর অনুষ্ঠিত গল্ফ টুর্নামেন্টের প্রফেশনাল গল্ফারদের প্রতিযোগিতায় বিজয়ীদের পনেরো লক্ষ টাকার সম্মুখের পুরস্কার দেয়া হবে। বাংলাদেশ প্রফেশনাল গল্ফারস এসোসিয়েশন (BPGA) এবং কুর্মিটোলা গল্ফ ক্লাব (KGC) টুর্নামেন্ট দুটি আয়োজন করবে। এই টুর্নামেন্ট দুটিতে সামিট গ্রুপ টাইটেল স্পন্সরশীপের ভূমিকা পালন করবে।

আগামী ২০ ডিসেম্বর ৮ম সামিট ওপেন ও ২২ ডিসেম্বর ২২তম সামিট কাপ গল্ফ টুর্নামেন্টের পুরস্কার বিতরণী অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে প্রতিযোগীদের হাতে পুরস্কার তুলে দেয়া হবে। ৮ম সামিট ওপেন গল্ফ টুর্নামেন্টের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন লেঃ কর্নেল মুহাম্মদ ফারুক খান (অবঃ), এমপি এবং ২২তম সামিট কাপ গল্ফ টুর্নামেন্টের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশ সেনাবাহিনীর আর্মি ট্রেনিং এন্ড ডকট্রিন কমান্ড এর জিওসি, লেঃ জেনারেল আজিজ আহমেদ (বিজিবিএম, পিবিজিএম, বিজিবিএমএস, পিএসসি, জি+)।

সামিট ওপেন গল্ফ টুর্নামেন্ট সম্পর্কে বিস্তারিত:

কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (CSR) কার্যক্রমের অংশ হিসেবে সামিট গ্রুপ বাংলাদেশে শিক্ষা, স্বাস্থ্য, শিল্প-সংস্কৃতি, ক্রীড়াসহ বিভিন্ন ক্ষেত্রে অবদান রাখছে। ক্রীড়া ক্ষেত্রে অবদান স্বরূপ সামিট ওপেন এবং সামিট কাপ গল্ফ টুর্নামেন্ট আয়োজনের মাধ্যমে গত দু'দশকেরও বেশী সময় ধরে দেশে গল্ফ খেলাটিকে জনপ্রিয় করার চেষ্টা করে যাচ্ছে প্রতিষ্ঠানটি। ঢাকা ক্যান্টনমেন্টের কুর্মিটোলা গল্ফ ক্লাবের সবুজের সমারোহে আয়োজিত এই টুর্নামেন্টে এ পর্যন্ত উল্লেখযোগ্যসংখ্যক দেশী-বিদেশী গল্ফার অংশ নিয়েছেন।

বিস্তারিত তথ্যের জন্য:

মোহসেনা হাসান | ইমেইল-mohsena.hassan@summit-centre.com | মোবাইল- ০১৭১৩০৮১৯০৫